

৩৬

সবাই জানে তারা কারা : মইনুল 'লেজুড়বৃত্তি থেকে ছাত্রদের বের করার কথাই বলেছি'

নিজস্ব বার্তা পরিবেশক

আদেশ অনুযায়ী ছাত্র-রাজনীতি বন্ধ করা
সম্ভব নয়।

আইন, বিচার ও সংসদ
বিষয়ক উপদেষ্টা
ব্যারিস্টার মইনুল হোসেন
বলেছেন, ছাত্ররাজনীতি
বন্ধ করার পক্ষে জনমত
থাকলে আইন প্রণয়ন
করে ছাত্ররাজনীতি বন্ধ
করা যেতে পারে। তিনি
আরও বলেন, ছাত্র-
রাজনীতি বন্ধ নয়, রাজ-
নৈতিক দলের লেজুড়বৃত্তি
থেকে ছাত্র সংগঠন-
গুলোকে বের করে আনাই সরকারের
মূল লক্ষ্য, তিনি বলেন, জনপ্রতিনিধিত



গতকাল রোববার
আইন মন্ত্রণালয়ে ছাত্র-
রাজনীতি বন্ধের ব্যাপারে
ব্যারিস্টার মইনুল হোসেন
সাংবাদিকদের একথা
বলেন।
এক প্রশ্নের জবাবে
ব্যারিস্টার মইনুল হোসেন
বলেন, দুই নেত্রীকে বাদ
দিয়ে সংস্কার করার প্রস্তাব
সংশ্লিষ্ট রাজনৈতিক দল-
গুলোর ভেতর থেকেই
এসেছে। তিনি বলেন, আওয়ামী লীগ
বিএনপির মইনুল : পৃষ্ঠা : ১১ ক ৭

মইনুল : সবাই জানে

(১ম পৃষ্ঠার পর)

কয়েকজন রাজনৈতিক নেতা হস্তের
দিয়েছিলেন প্রধান দুই ব্যক্তিকে বাদ দিয়ে
সংস্কার করার, আবার কেউ কেউ দু'জনকে
রেখেই সংস্কারের পক্ষে মত দেন। তবে
রাজনৈতিক দলের নেতাদের নাম জানতে
অস্বীকৃতি জানিয়ে উপদেষ্টা বলেন, এসব
প্রস্তাব যারা করেছেন, তাদের নাম আমি
বলব না। আর সবাই জানে তারা কারা।

আইন উপদেষ্টা বলেন, বর্তমানে
লেজুড়বৃত্তির মাধ্যমে রাজনৈতিক দলগুলোর
পেশিশক্তি হিসেবে ছাত্র সংগঠনগুলো
ব্যবহৃত হচ্ছে। ছাত্ররা আগামী দিনে
জাতিকে নেতৃত্ব দেয়ার জন্য নিজেদের গড়ে
তুলবে। কিন্তু তা না করে এখন
সংগঠনগুলো বিভিন্ন রাজনৈতিক দলের
লেজুড় হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে
অস্বাভাবিক পরিষ্টি সৃষ্টি করছে। তাই
সরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা সরকারি
অর্থায়নে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে কোন
রাজনৈতিক দল যেন ছাত্র সংগঠনগুলোকে
ব্যবহার করতে না পারে, তার জন্য বিশেষ
আইন তৈরি করা হবে। এ ব্যাপারে প্রধান
নির্ধাটন কমিশনার (সিটিসি) এটিএম
শামসুল হুদাকে একটি আইনের খসড়া
তৈরি করতে আমি বলেছি। এখন পর্যন্ত
আইনের খসড়া প্রণয়ন হয়নি এবং এ
ব্যাপারে কোন আইনের খসড়া আমার কাছে
আসেনি।

সরকারি প্রতিষ্ঠান, ব্যাংক, করপোরেট
অফিসে ট্রেড ইউনিয়নগুলোর দলবাজি
সংক্রান্ত সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে
ব্যারিস্টার মইনুল হোসেন বলেন, ট্রেড
ইউনিয়ন সবার অধিকার, এটা সরকার বন্ধ
করতে চায় না। তবে সরকার ট্রেড
ইউনিয়নের নামে দলবাজি বন্ধ করবে।

উপদেষ্টা পরিষদের সদস্য বাড়ানো হবে
কি না জানতে চাইলে ব্যারিস্টার মইনুল
জানান, এমন কোন সিদ্ধান্ত এখনও হয়নি।